# বিদআত দর্পণ

বিভাগ/অধ্যায়ঃ প্রচলিত কিছু বিদআতের নমুনা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পরিশেষে বিদআত রুখব কিভাবে?

(১) যথাসম্ভব অধিকাধিক সুন্নাহ জানা ও প্রচার করার মাধ্যমে বিদআতের মুকাবিলা করতে পারা যায়।

(২) বিদআত রুখার জন্য সমাজের সকল শ্রেণীর মানুষের এবং বিশেষ করে শিক্ষিতদের নির্দিষ্ট কর্তব্য রয়েছে। তন্মধ্যে উলামাদের কর্তব্য ও ভূমিকা সবচেয়ে অধিক গুরুত্বপূর্ণ। সকল রকম বাধা ও স্বার্থকে উল্লংঘন করে ব্যক্তিগত ও সামাজিক জীবনের সকল ক্ষেত্রে সহীহ সুন্নাহকে বাস্তবায়ন করে, তার প্রত্যেকটি নির্দেশের উপর আমল করে নিজেদের জীবন ও সমাজ গড়ে তুলে আমরা বিদআতকে প্রতিহত করতে পারি।

(৩) বিদআত সৃষ্টির যে সমস্ত মূল কারণ রয়েছে তা ধ্বংস ও নির্মূল করে বিদআতের প্রাদুর্ভাব থেকে আমরা বাঁচতে পারি।

(৪) যে আলেম ইজতিহাদের উপযুক্ত নয় তাঁর নিকট হতে কোন ইজতিহাদী মত গ্রহণ করব না এবং অন্ধভাবে তাঁর ব্যক্তিত্বের খাতিরে তাঁর ইজতিহাদ মতে আমল করব না।

(৫) উদার ও খোলা মনে কুরআন ও সহীহ সুন্নাহর অস্ত্র দ্বারা প্রচলিত প্রথা ও কুসংস্কারের শরয়ী অপারেশন করব এবং এ ব্যাপারে মজবুত অস্ত্র কেবল কুরআন, সহীহ বা হাসান হাদীস এবং সহীহভাবে প্রমাণিত সাহাবাদের আদর্শকেই মানব। আর ফাযায়েলে আমালে যয়ীফ হাদীস ব্যবহার চলবে’ এই তর্ক করে যয়ীফ, যয়ীফ জিদ্দা ও মওযু’ হাদীসের উপর আমল করব না।

(৬) আমরা কোন মতবাদীর ব্যক্তি পূজা করে অথবা কোন দলীয় নীতির ভক্তি পূজা করে তার কোন রায়, ইজতেহাদ ও মতবাদের অন্ধ পক্ষপাতিত্ব করব না। আমাদের উদ্দেশ্যে ও লক্ষ্য হবে ‘হক’ ন্যায় ও প্রকৃত সত্যের নাগাল। যার অসীলা হবে শুদ্ধ প্রতিপাদিত ও যুক্তিযুক্ত দলীল।

(৭) কাজ যত ছোটই হোক, তাতে আমরা সুন্নাহর সীমালংঘন করব না।

(৮) সাধারণ শুন-মৌলভী’ আলেম ও ওস্তাদীদেরকে ফতোয়া দেওয়া হতে রুখব এবং আমরা তাদেরকে কোন ফতোয়া জিজ্ঞাসা করব না, যারা ফতোয়া দেওয়ার উপযুক্ত নয়, তাদের ফতোয়া মানবও না; যদি জানি যে, প্রকৃত মুফতীগণের ফতোয়া এর পরিপন্থী।

(৯) আমরা কোন বিশ্বাস বা কর্মগত বিষয়ে কোন বিধর্মীর অনুকরণ করব না। মুসলিমদের প্রতি অমুসলিমদের বিশ্বাস ও প্রথার অনুপ্রবেশ-পথ সম্পূর্ণরূপে বন্ধ করব।

(১০) দ্বীনী বিষয়ে আমরা জ্ঞানকে প্রাধান্য দেব না, বরং জ্ঞান ও সকল কিছুর সৃষ্টিকর্তা সর্বজ্ঞ আল্লাহর হিকমত ও যুক্তিকে প্রাধান্য দেব; যদিও আমাদের নিকট তা বোধগম্য নয়। (বিস্তারিত প্রক্টবআল-কিৎসহ তীদুহা অমাওকিফুল ইসলামি মিনহ্য ৪৯৩-৪৯৮ পৃঃ)

এ সব কিছু যদি আমরা করতে পারি, তাহলে ইনশাআল্লাহ দেখব যে, বিদআত ও বিদআতী এ ধরা থেকে চিরতরের জন্য বিদায় নিয়েছে। আল্লাহ আমাদের সকলকে তাই করার তওফীক ও প্রেরণা দিন। আমীন। অস্বাল্লাল্লাহু আলা নাবিয়্যিনা মুহাম্মাদ, আলা আলিহী অসাহবিহী আজমাঈন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12299

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন